

খরচ কমিয়ে নতুন হজ প্যাকেজ ঘোষণা

- A Monitor Desk Report

Date: 31 October, 2024



ঢাকাঃ ২০২৫ সালের জন্য সরকারি ব্যবস্থাপনার দুটি হজ প্যাকেজ ঘোষণা করেছে সরকার।

বুধবার (৩০ অক্টোবর) সচিবালয়ে ধর্ম মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০২৫ সালের এ হজ প্যাকেজ ঘোষণা করেন ধর্ম উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন। আগামী বছর ভিআইপি হজযাত্রীদের জন্য সরকারি পর্যায়ে কোনো বিশেষ হজ প্যাকেজ রাখা হয়নি।

ধর্মবিষয়ক উপদেষ্টা বলেন, আগামী বছর যারা সরকারি ব্যবস্থাপনায় হজ পালন করবেন তাদের জন্য হজ প্যাকেজ-১-এর মূল্য নির্ধারণ করা হয়েছে ৪ লাখ ৭৮ হাজার ২৪২ টাকা, যা চলতি বছরের তুলনায় ১ লাখ ৯ হাজার ১৪৫ টাকা কম।

আর প্যাকেজ-২-এর খরচ নির্ধারণ করা হয়েছে ৫ লাখ ৭৫ হাজার ৬৮০ টাকা, যা চলতি বছরের চেয়ে ১১ হাজার ৭০৭ টাকা কম। এ বছর বিশেষ হজ প্যাকেজের মূল্য ছিল ৯ লাখ ৩৬ হাজার ৩২০ টাকা। তবে আগামী হজে বিশেষ প্যাকেজ থাকছে না। তিনি আরও বলেছেন, বেসরকারি পর্যায়ের হজযাত্রীদের সাধারণ হজ প্যাকেজের মূল্য ৪ লাখ ৮৩ হাজার ১৫৬ টাকা ধরা হয়েছে। বেসরকারি ব্যবস্থাপনার হজ প্যাকেজের ক্ষেত্রেও ১ লাখ ৬ হাজার ৬৪৪ টাকা কমেছে। হজ এজেন্সিগুলো এই প্যাকেজের বাইরে একটি আলাদা বিশেষ প্যাকেজ ঘোষণা করতে পারবে।

আ ফ ম খালিদ হোসেন জানান, হজের দুটি প্যাকেজের মধ্যে একটি হবে পবিত্র কাবা শরিফের এক থেকে দেড় কিলোমিটারের মধ্যে। অন্যটি থাকবে কাবা শরিফের আড়াই থেকে তিন কিলোমিটারে মধ্যে। আসা-যাওয়ার জন্য পরিবহন ও ভালো থাকার ব্যবস্থা থাকবে।

ধর্ম মন্ত্রণালয় থেকে জানানো হয়, সরকারি ব্যবস্থাপনার হজ প্যাকেজ-১-এর আওতায় মক্কায় হারাম শরিফের বাইরের চত্বর থেকে তিন কিলোমিটারের মধ্যে আবাসন হবে। হারাম শরিফ যাতায়াতে বাসের ব্যবস্থা থাকবে। মদিনায় মসজিদে নববি থেকে সর্বোচ্চ দেড় কিলোমিটারের মধ্যে আবাসন থাকবে। মিনায় গ্রিন জোনে (জোন-৫) তাবুর অবস্থান এবং মিনা-আরাফায় 'ডি' ক্যাটাগরির সার্ভিস সুবিধা থাকবে। মক্কায় হোটেল বা বাড়ি থেকে বাসযোগে মিনার তীবুতে এবং মিনা-আরাফাহ-মুয়দালিফা-মিনা ট্রেনযোগে যাতায়াত করানো হবে।

মিনা ও আরাফায় মোয়াল্লেমরা খাবার পরিবেশন করবেন। অ্যাটাচড বাথসহ মক্কা ও মদিনায় বাড়ি বা হোটেলের প্রতি রুমে সর্বোচ্চ ছয়জনের আবাসনের ব্যবস্থা করা হবে। বাড়ি বা হোটেল কক্ষে বা ফ্লোরে রেফ্রিজারেটরের ব্যবস্থা রাখা হবে। মক্কা, মদিনা ও জেদ্দায় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বিনামূল্যে ওষুধ ও প্রাথমিক চিকিৎসাসেবা প্রদানের ব্যবস্থা নেওয়া হবে।

হজ প্যাকেজ-২-এর আওতায় মক্কায় হারাম শরিফের বাইরের চত্বর থেকে দেড় কিলোমিটারের মধ্যে আবাসন রাখা হবে। মদিনায় সেন্ট্রাল এরিয়ায় আবাসনের ব্যবস্থা করা হবে। মিনায় ইয়োলো জোনে (জোন-২) তাঁবুর অবস্থান এবং মিনা-আরাফায় আপগ্রেডেড 'ডি' ক্যাটাগরির সার্ভিস সুবিধা রাখা হবে। মক্কায় হোটেল বা বাড়ি থেকে বাসযোগে মিনার তাঁবুতে এবং মিনা-আরাফাহ-মুয়দালিফা-মিনা ট্রেনযোগে যাতায়াতের ব্যবস্থা করা হবে। অ্যাটাচড বাথসহ মক্কা ও মদিনায় বাড়ি বা হোটেলের প্রতি রুমে সর্বোচ্চ ছয়জনের আবাসনের ব্যবস্থা করা হবে। বাড়ি বা হোটেলের কক্ষে বা ফ্লোরে রেফ্রিজারেটরের ব্যবস্থা করা হবে। মক্কা, মদিনা ও জেদ্দায় বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বিনামূল্যে ওষুধ ও প্রাথমিক চিকিৎসাসেবা দেওয়া হবে।

সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের প্রতি ৪৬ জনের জন্য একজন হজ গাইড থাকবেন। প্রত্যেক হজযাত্রীকে খাবারের জন্য ন্যূনতম ৪০ হাজার টাকার সমপরিমাণ সৌদি রিয়াল এবং কোরবানির জন্য ৭৫০ সৌদি রিয়াল আবশ্যিকভাবে সঙ্গে নিতে হবে। তবে অতিরিক্ত অর্থ দিয়ে মক্কা ও মদিনার বাড়ি বা হোটেলে ২, ৩ ও ৪ সিটের রুম এবং শর্ট প্যাকেজের সুবিধা গ্রহণ করা যাবে। ধর্ম উপদেষ্টা বলেন, ধর্ম মন্ত্রণালয় ব্যবসা করে না, সেবা দিয়ে থাকে।

ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের হজ-১ অধিশাখা থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, হজের প্রাথমিক নিবন্ধন ৩০ নভেম্বর পর্যন্ত চলমান থাকবে। হজে যেতে ইচ্ছুক প্রাক-নিবন্ধিত ব্যক্তিদের ৩ লাখ টাকা ব্যাংকে জমা দিয়ে প্রাথমিক নিবন্ধন করবেন। এ সময়ের মধ্যে প্রাক-নিবন্ধন ও প্রাথমিক নিবন্ধন সম্পন্ন করতে হবে। ২০২৫ সালে বাংলাদেশের জন্য হজযাত্রীর কোটা রাখা হয়েছে ১ লাখ ২৭ হাজার ১৯৮ জন। এর মধ্যে সরকারি ব্যবস্থাপনায় ১০ হাজার জনকে নেওয়ার পরিকল্পনা আছে। আর বাকিরা যাবেন বেসরকারি ব্যবস্থাপনায়। এই কোটা পূর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে প্রাথমিক নিবন্ধন কার্যক্রম বন্ধ হয়ে যাবে। চাঁদ দেখা সাপেক্ষে আগামী বছরের ৫ জুন পবিত্র হজ অনুষ্ঠিত হবে।

-B